

স্বাস্থ্য যাচাইকরণ প্রশ্নাবলী

DOE ফ্যাসিলিটিগুলোতে সকল DOE কর্মচারী, দর্শনার্থী, এবং পরিবারদের অবশ্যই একটি স্বাস্থ্য যাচাইকরণ পূরণ করতে হবে। এই স্বাস্থ্য যাচাইকরণ প্রতিদিন উপস্থিত হবার পূর্বে পূরণ করতে হবে। এই স্বাস্থ্য যাচাইকরণ অনলাইনেও পূরণ করা সম্ভব হবে:

<https://healthscreening.schools.nyc/> ভবন বা ফ্যাসিলিটিতে প্রবেশের পর, যদি আপনি ইতোমধ্যে অনলাইনে স্বাস্থ্য যাচাইকরণ পূরণ না করে থাকেন, তাহলে আপনাকে নিচের প্রশ্নগুলোর জবাব দিতে বলা হবে।

1. আপনি COVID-19-এর উপসর্গগুলো আপনার মাঝে লক্ষ্য করেছেন কি, এতে রয়েছে 100.0 ডিগ্রি F কিংবা এরচেয়ে বেশি জ্বর, নতুনভাবে কাশি শুরু, নতুনভাবে স্নাদ কিংবা ঘ্রাণশক্তি বিলোপ অথবা বিগত 10 দিনের মাঝে শুরু হওয়া শ্বাস কষ্ট?
 না। পরবর্তী প্রশ্নটি দেখুন।
 হ্যাঁ, এবং উপসর্গগুলো দেখা দেয়ার পর আমার ল্যাব থেকে নিশ্চিত করা COVID-19 শনাক্তকরণ পরীক্ষার (রক্ত পরীক্ষা নয়) ফলাফল নেগেটিভ এসেছে এবং বিগত 24 ঘন্টায় কোনো উপসর্গ দেখা যায়নি। পরবর্তী প্রশ্নটি দেখুন।
 হ্যাঁ, এবং আমি উপরোক্ত শ্রেণীবিভাগে অন্তর্ভুক্ত নই। আর যাচাইয়ের প্রয়োজন নেই। কর্মী/দর্শনার্থী ভবনে প্রবেশ করতে পারবে না।
2. বিগত 10 দিনে ল্যাবরেটরি কর্তৃক নিশ্চিত করা COVID-19 শনাক্তকারী পরীক্ষায় পজিটিভ ফলাফল পেয়েছেন কি (কোনো রক্ত পরীক্ষা নয়), যেটা আপনার প্রথম পজিটিভ ফলাফল ছিল অথবা আপনার পূর্ববর্তী পজিটিভ ফলাফল থেকে 90 দিন পর? অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, 10 দিনের গণনা শুরু হয়ে আপনার পরীক্ষা নেয়ার দিন থেকে, আপনি যেদিন পরীক্ষার ফল পান, সেদিন থেকে নয়।
 না। পরবর্তী প্রশ্নটি দেখুন।
 হ্যাঁ আর যাচাইয়ের প্রয়োজন নেই। কর্মী/দর্শনার্থী ভবনে প্রবেশ করতে পারবে না।
3. আপনার জানা মতে, বিগত 10 দিনে, এমন কেউ যার COVID-19 পরীক্ষায় প্রথমবারের মত পজিটিভ ফলাফল এসেছে কিংবা তাকে বলা হয়েছে যে তার COVID-19-এর উপসর্গগুলো রয়েছে, এমন কারো কাছাকাছি (24 ঘন্টা সময়সীমার মধ্যে 6 ফিট-এর কাছাকাছি অন্তত 10 মিনিটের জন্য) এসেছিলেন কি? এই পরিস্থিতিতে যেসব ক্লিনিক্যাল স্টাফ যথাযথ PPE পরিহিত ছিলেন তাদের কাছাকাছি এসেছে বলে বিবেচনা করা হয়না।
 না। পরবর্তী প্রশ্নটি দেখুন।
 হ্যাঁ আর যাচাইয়ের প্রয়োজন নেই। কর্মী/দর্শনার্থী ভবনে প্রবেশ করতে পারবে না।
4. বিগত 10 দিনের মধ্যে আপনি কি [CDC স্তর 2 অথবা উচ্চতর সতর্কতা আছে](#) এমন কোনো দেশ থেকে কিংবা নিউ জার্সি, প্যানসিলভ্যানিয়া, কানেকটিকাট, ম্যাসাচুসেটস্ বা ভারমন্ট ছাড়া [US-এর কোনো স্টেট বা টেরিটোরি থেকে](#) ফিরেছেন?
 না। কর্মী/দর্শনার্থী ভবনে প্রবেশ করতে পারবে।
 হ্যাঁ, আমি 24 ঘন্টার কম সময়ের জন্য বাইরে ছিলাম, এবং নিউ ইয়র্কে ফিরে আসার পর চতুর্থ (4) দিন আমি একটি COVID-19 পরীক্ষা করেছি বা করবো। কর্মী/দর্শনার্থী ভবনে প্রবেশ করতে পারবে।
 হ্যাঁ, 24 ঘন্টার বেশী সময়ের জন্য স্টেটের বাইরে ছিলাম, এবং নিউ ইয়র্কে আসার পূর্বে 72 ঘন্টার মধ্যে COVID-19 পরীক্ষা করেছি, নিউ ইয়র্কে আসার পর কমপক্ষে তিন দিনের জন্য কোয়ারেন্টাইন ছিলাম, এবং আমার আগমনের পর চতুর্থ (4) দিন দ্বিতীয় COVID-19 পরীক্ষা করেছি এবং উভয় পরীক্ষায় নেগেটিভ রেজাল্ট এসেছে। কর্মী/দর্শনার্থী ভবনে প্রবেশ করতে পারবে।
 হ্যাঁ, এবং আমি উপরোক্ত দুইটি শ্রেণীবিভাগে অন্তর্ভুক্ত নই। কর্মী/দর্শনার্থী ভবনে প্রবেশ করতে পারবে না।

পরিস্থিতি পরিবর্তনের সাথে সাথে NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন সুপারিশ পরিবর্তন করতে পারে।

01.0621